

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৩৫

পরিচ্ছেদঃ কোন বিষয়ে কসম করার পর অন্য বিষয়টিকে তা থেকে ভাল দেখলে।

باب مَا جَاءَ فِيمَنْ حَلَفَ عَلَى يَمِينِ فَرَأًى غَيْرَهَا خَيْرًا مِنْهَا

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى الصَّنْعَانِيُّ، حَدَّتَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ يُونُسَ، هُوَ ابْنُ عُبَيْدٍ حَدَّتَنَا الْحَسَنُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا عَبْدَ الرَّحْمَنِ لاَ تَسْأَلِ الإِمَارَةَ فَإِنَّكَ إِنْ أَتَتْكَ عَنْ مَسْأَلَةٍ وُكِلْتَ إِلَيْهَا وَإِنْ أَتَتْكَ عَنْ مَسْأَلَةٍ وُكِلْتَ إِلَيْهَا وَإِنْ أَتَتْكَ عَنْ مَسْأَلَةٍ أُعِنْتَ عَلَيْهَا وَإِذَا حَلَفْتَ عَلَى يَمِينٍ فَرَأَيْتَ غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَائْتِ الَّذِي عَنْ غَيْرِ مَسْأَلَةٍ أُعِنْتَ عَلَيْهَا وَإِذَا حَلَفْتَ عَلَى يَمِينٍ فَرَأَيْتَ غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَائْتِ الَّذِي هُوَ خَيْرٌ وَلْتُكَوِّرْ عَنْ يَمِينِكَ ". وَفِي الْبَابِ عَنْ عَلِيِّ وَجَابِرٍ وَعَدِيِّ بْنِ حَاتِمٍ وَأَبِي الدَّرْدَاءِ وَأُنسٍ وَعَائِشَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و وَأَبِي هُرَيْرَةَ وَأُمِّ سَلَمَةَ وَأَبِي مُوسَى. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ الرَّحْمَنَ بْنِ سَمُرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ.

বাংলা

১৫৩৫। মুহাম্মদ ইবনু আবদুল আ'লা (রহঃ) ... আবদুর রহমান ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, হে আবদুর রহমান, শাসন ক্ষমতাধিকারী হওয়ার যাঞ্চা করবে না। কেননা যদি যাচঞার কারণে তা তোমার কাছে আসে তবে এর ভাল মন্দের দায়িত্ব তোমার প্রতই সোপর্দ করা হবে। আর যদি যাচঞা ছাড়া তোমার কাছে তা আসে তবে এই বিষয়ে (আল্লাহর পক্ষ থেকে) তুমি সাহায্য প্রাপ্ত হবে। কোন বিষয়ে কসম করার পরে অন্য একটি বিষয়কে যদি তা থেকে ভাল দেখতে পাও তবে ঐ ভাল কাজটি করবে এবং তোমার কসমের কাফফারা দিয়ে দিবে।

সহীহ, ইরওয়া ৭/১৬৬, ৮/২২৮, ২৬০১, সহীহ আবূ দাউদ ২৬০১, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫২৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আদী ইবনু হাতিম, আবূদ-দারদা, আনাস, আয়িশা, আবদুল্লাহ ইবনু আমর, আবূ হুরায়রা, উম্মু সালামা ও আবূ মূসা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আবদুর রহমান ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ।



English

Narrated 'Abdur-Rahman bin Samurah:

That the Messenger of Allah () said: "O 'Abdur-Rahman! Do not ask for a position of leadership, for if you receive it due to asking, you will be left alone with it, and if you receive it without asking, then you will be aided in it. And if you take an oath and you see that something else is better than it, then do what is better, and make an atonement for your oath."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আন্দুর রহমান ইবন সামুরা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন